ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৬৯ ● কলকাতা ● ২৭ ফাল্গুন, ১৪৩১ ● বুধবার ● ১২ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


## অভিষেক-কন্যা মামলায় নয়া মোড়! ফের কলকাতা হাইকোর্টে দায়ের মামলা, অনুমতি প্রধান বিচারপতির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মেয়ের বিরুদ্ধে কুরুচিকর মন্তব্য সংক্রান্ত মামলায় ফের কলকাতা হাইকোর্টের দ্বারস্থ অভিযুক্ত রেবেকা খাতুন ও রমা দাসরা। পুলিশি হেফাজতে অত্যাচারের তদন্ত সিট করুক, আদালতের নজরদারিতে হোক তদন্ত।

এরপর ৩ পৃষ্ঠায়


# ২ দিনের সফরে মরিশাসে ভারতের প্রধানমন্ত্রী




**বেবি চক্রবর্ত্তী : দিল্লী**

মরিশাস ভারতের সহজত বন্ধু দেশ। বহুকাল ধরেই মরিশাসের সঙ্গে ভারতের সুসম্পর্ক। মঙ্গলবার সকালেই নরেন্দ্র মোদী পৌঁছে যান মরিশাসে। এদিন সকালে বিমানবন্দরে তাঁকে অভ্যর্থনা জানাতে উপস্থিত ছিলেন মরিশাসের প্রধানমন্ত্রী নবীন রামগুলাম ও তাঁর গোটা মন্ত্রিসভা। পাশাপাশি সেখানকার প্রধান বিচারপতি-সহ অন্যান্য অতিথিরাও উপস্থিত ছিলেন বিমানবন্দরে। ভারতের প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানাতে 'গার্ড অফ অনার' দেওয়া হয় তাঁকে। ১২ মার্চ মরিশাসের জাতীয় দিবস উদযাপনে প্রধান অতিথি হিসেবে যোগ দেবেন মোদি। পাশাপাশি মরিশাসে ভারত পরিচালিত অন্তত ২০টি প্রকল্পের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। বিমান বন্দরে তাঁকে সম্বর্ধনা জানানোর জন্য প্রচুর মানুষের ভিড় ছিল।বন্ধু দেশের মাটিতে পা রাখার আগে সোমবার রাতে সোশাল মিডিয়ায় তিনি লেখেন, দুই দেশের বন্ধুত্বের সম্পর্ককে নয়া

এরপর ৩ পাতায়




# নূরজাহানের তৈরী আবীরে সেজে উঠবে গুড়িয়া,অনীতারা..



**সুলেখা চক্রবর্তী,হাওড়া**

মেয়েটির পোষাকি নাম নূরজাহান। কিন্তু জীবনে স্বাভাবিক আলো তার আসে নি।জীবন স্রোতের ঘূর্ণিপাকে আজ তার ঠাঁই হাওড়ার জয়পুরে থানার পারবাকসীতে অবস্থিত সরকার পোষিত একটি হোমে।আর দুদিন পরেই দোল।বলাই বাহুল্য বসন্তের এই দিনে হরেক রঙা আবীরে রেঙে ওঠে সকলেই। নিজেদের হাতে গাঁদা ,বক,জবা ইত্যাদি ফুল শুকনো করে গুঁড়িয়ে তাতে ভেষজ পাউডার মিশিয়ে আবীর তৈরী করছে জয়পুরের এই হোমের মেয়েরা ।না।এখন ই বিপনন নয়, বরং নিজেরাই সেজে উঠবে সেই আবীরে।আর নিজের হাতে আবীর তৈরী করে নূরজাহান রাঙিয়ে দেবে গুড়িয়া, প্রিয়া,অনিতা সহ দেড় শতাধিক নারীকে।যারা জীবন যুদ্ধের মাঝে আশ্রয় পেয়েছে এখানে।যাদের অধিকাংশই মূক ও বধির।হাতের ইশারায় তাদের শিখিয়ে নিয়েছেন প্রশিক্ষকরা। বর্তমান সম্পাদক তন্ময় সাউ জানান,"এই উদ্যোগ কয়েক বছর ধরেই নেওয়া হয়েছে।আগে অন্য আবীর ব্যবহার করে যে সমস্যা হতো এখন তা নেই।ফলে সকলে খুশি মনে রঙ খেলতে পারছে।আমরা ও খুশি।"প্রস্তুতি শেষ।এখন নূরজাহানের তৈরী আবীরে প্রিয়াদের সেজে ওঠার অপেক্ষা।

## পশ্চিমবঙ্গে বিজেপি ক্ষমতায় এলে তৃণমূলের মুসলিম বিধায়কদের রাস্তায় ফেলে দেওয়ার হুঁশিয়ারি শুভেন্দুর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা:**-শুভেন্দুর কথায়, "আগামী বিধানসভা ভোটে বিমান বন্দ্যোপাধ্যায়, মমতা বন্দ্যোপাধ্যায়কে হারাব১০ মাস পর বাংলার ক্ষমতায় আসবে বিজেপি। শুধু এটুকু ভবিষ্যদ্বাণীতে সীমাবদ্ধ না থেকে মঙ্গলবার বিধানসভার বাইরে সাংবাদিক বৈঠক থেকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এও জানিয়ে দিলেন, ক্ষমতায় আসার পর বিজেপির 'এজেন্ডা' কী হবে!আর ওদের দলের যে সব মুসলিম বিধায়ক জিতে আসবে তাদের চ্যাংদোলা করে ১০ মাস পরে এই রাস্তায় ফেলব! তৃণমূলের সরকারকে 'সাম্প্রদায়িক সরকার', 'সাম্প্রদায়িক পুলিশ', 'মুসলিম লিগ টু' সম্বোধন করে বিরোধী

এরপর ৬ পাতায়

# দলবদলের ফলে বড়ো বিপাকে পরলেন গেরুয়া শিবির

**বেবি চক্রবর্তী : কলকাতা**

পশ্চিমবঙ্গের একমাত্র সরকারি বিরোধী দল বিজেপি বর্তমানে সংকটের মুখে। সভাপতি নির্বাচনের আগেই একের পর এক বিধায়ক দল ছাড়ছেন এবং তৃণমূল কংগ্রেসে যোগ দিচ্ছেন। এই পরিস্থিতিতে রাজ্য বিজেপির বিধায়ক সংখ্যা ক্রমাগত কমে যাচ্ছে, যা দলের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।৭৭ থেকে ৬৫: বিধায়ক সংখ্যায় ধস ২০২১ সালের বিধানসভা নির্বাচনে বিজেপি ৭৭টি আসন জিতেছিলতবে এর মধ্যে দুজন সাংসদ বিধায়ক পদ থেকে ইস্তফা দেওয়ায় দলের বিধায়ক সংখ্যা দাঁড়ায় ৭৫। কিন্তু তারপর থেকে একের পর এক বিধায়ক দল ছেড়ে তৃণমূল কংগ্রেসে যোগ দিচ্ছেন।



এছাড়াও, একজন বিধায়কের মৃত্যু এবং আরেকজন লোকসভা নির্বাচনে জিতে সংসদে চলে যাওয়ায় বর্তমানে বিজেপির বিধায়ক সংখ্যা কমে ৬৫-এ দাঁড়িয়েছে।শুভেন্দু অধিকারী ও সুকান্ত মজুমদারের উপর চাপ বিজেপির এই ভাঙন রোধে ব্যর্থতার জন্য রাজ্য বিজেপির দুই শীর্ষ নেতা শুভেন্দু অধিকারী (বিরোধী দলনেতা) এবং সুকান্ত মজুমদার (রাজ্য সভাপতি) চাপের মুখে রয়েছেন। দলের অভ্যন্তরে এই

এরপর ৪ পাতায়







(১ম পাতার পর)

# ২ দিনের সফরে মরিশাসে ভারতের প্রধানমন্ত্রী

মাত্রা দিতে তাঁর এই সফর। প্রধানমন্ত্রী লেখেন, 'মরিশাস ভারতের সামুদ্রিক প্রতিবেশী পাশাপাশি ভারত মহাসাগরের অন্যতম অংশীদার। ভারতের সঙ্গে মরিশাসের এক গভীর সাংস্কৃতিক বন্ধন রয়েছে। আমার এই সফর আমাদের বন্ধুত্বের ভিত্তি আরও মজবুত করবে এবং ভারত-মরিশাস সম্পর্কের এক উজ্জ্বল অধ্যায় তৈরি করবে।' পাশাপাশি তিনি লেখেন, 'আমাদের দেশের জনগণের অগ্রগতি ও সমৃদ্ধির পাশাপাশি ভারত মহাসাগরীয় অঞ্চলের নিরাপত্তা ও উন্নয়নের লক্ষ্যে মরিশাসের সঙ্গে আমাদের অংশীদারিত্ব বাড়নোর সুযোগের অপেক্ষায়।

(১ম পাতার পর)

# অভিষেক-কন্যা মামলায় নয়া মোড়! ফের কলকাতা হাইকোর্টে দায়ের মামলা, অনুমতি প্রধান বিচারপতির

এরপরই সিবিআই তদন্তের নির্দেশকে চ্যালেঞ্জ করে পাল্টা সুপ্রিম কোর্টে যায় রাজ্য সরকার। গোটা ঘটনায় রাজ্য পুলিশের বিশেষ তদন্তকারী দল (সিট) গঠন করে তদন্ত করার স্বপক্ষে সওয়াল করা হয়। শীর্ষ আদালত সিবিআই তদন্ত নিয়ে হাইকোর্টের নির্দেশ খারিজ করে সিট গঠনের নির্দেশ দেয়। সেই মত তিন আইপিএস অফিসারকে নিয়ে গঠিত হয় স্পেশাল ইনভেস্টিগেশন টিম। কলকাতা হাইকোর্টে ফেরত আসে মামলা।পাশাপাশি দোষীদের উপযুক্ত শাস্তির দাবিতে আদালতের দ্বারস্থ হয়েছেন তারা। সূত্রের খবর, হাইকোর্টের প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করে মামলা দায়েরের অনুমতি চাওয়া হয়েছে অভিযুক্তদের তরফে। অনুমতি দিয়েছে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। প্রসঙ্গত, আর জি কর আবহে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মেয়েকে কুৎসিত ভাষায় আক্রমণের মন্তব্যকে সমর্থন করে হাততালি দেওয়ার অভিযোগে দুই মহিলাকে গ্রেফতার করে পুলিশ। অভিযোগ, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কন্যা সম্পর্কে আপত্তিকর মন্তব্য করেন এক বিজেপি নেত্রী। সেই বক্তব্যেই হাততালি দিয়েছিলেন রেবেকা খাতুন ও রমা দাস সহ মোট তিন জন। সেই সময়ই তাদের গ্রেফতার করে। অভিযোগ ওঠে, হেফাজতে থাকাকালীন ওই দুই মহিলাকে নাকি ব্যাপক মারধর করে পুলিশ। এরপরই হাইকোর্টের দ্বারস্থ হন তারা। অভিযোগের ভিত্তিতে হাইকোর্ট প্রথমে সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছিল। সূত্রের খবর, সুপ্রিম কোর্টের ওই নির্দেশে ত্রুটি ধরা পড়ে। কারণ ওই নির্দেশে পুলিশ হেফাজতে অত্যাচারের কথার উল্লেখ ছিল না, উল্লেখ ছিল শুধুমাত্র ওই মন্তব্য সংক্রান্ত বিষয়ে। সুপ্রিম রায়ের পুনর্বিবেচনার আবেদন জানিয়ে এবার হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন মামলাকারীরা। জানা যাচ্ছে, বিচারপতি জয়মাল্য বাগচী সুপ্রিম কোর্টের বিচারপতি হিসাবে নিযুক্ত হওয়ায় এই মামলায় প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

# খাদ্য সুরক্ষা ও উদ্ভাবনকে এগিয়ে নিয়ে যেতে আহার-২০২৫-এর গুরুত্বপূর্ণ ফলাফল

**নতুন দিল্লি, ১১ মার্চ ২০২৫**

নতুন দিল্লির ভারত মন্ডপমে ৪ মার্চ আহার-২০২৫-এর উদ্বোধন করেন কেন্দ্রীয় খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রী চিরাগ পাসওয়ান। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, বিশ্বের প্রতিটি খাবার টেবিলে যাতে অন্তত একটি ভারতের খাদ্যদ্রব্য থাকে তা সুনিশ্চিত করাই আমাদের লক্ষ্য। খাদ্য প্রক্রিয়াকরণের প্রসার ঘটিয়ে ভারতীয় স্বাদ, গুণগত মান এবং উদ্ভাবনকে বিশ্বের প্রতিটি প্রান্তে পৌঁছে দেওয়া সুনিশ্চিত করা আমাদের লক্ষ্য বলে তিনি জানান।

কেন্দ্রীয় মন্ত্রী আরও বলেন, আহার থেকে ওয়ার্ল্ড ফুড ইন্ডিয়া ২০২৫-এর আজ যাত্রা শুরুর মধ্য দিয়েই খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রক সেপ্টেম্বর ২৫ থেকে ২৮, ২০২৫-এ বিশ্বের বৃহত্তম খাদ্য শিখর সম্মেলনের আয়োজন করবে।

আহার-২০২৫-এর গতিধারাকে বজায় রাখতে খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রক এবং এনআইএফটিইএম-কুন্ডলী একগুচ্ছ কারিগরি অনুষ্ঠান পর্বের আয়োজন করে। এতে সরকারী মন্ত্রক, শিক্ষা ক্ষেত্র, স্টার্টআপ এবং শিল্প ক্ষেত্রের প্রথম সারির নেতৃবর্গ ভারতের ভবিষ্যৎ খাদ্য পরিমণ্ডল রূপরেখা চূড়ান্ত করতে আলোচনাচক্রে মিলিত হন। দু-দিন ধরে আলোচনায় খাদ্য

এরপর ৬ পাতায়

## 'কবে তৃণমূলে যোগ দিচ্ছেন ?' উত্তরে যা বললেন নওশাদ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

মুখ্যমন্ত্রীর কাছে ভাঙড়ের ISF বিধায়ক নওশাদ সিদ্দিকি। এদিন বিকেল সাড়ে ৪টায় নবান্নে পৌঁছে যান নৌশাদ। সাড়ে ৫টায় তাঁদের সাক্ষাৎ হয়। প্রায় ২৫ মিনিট মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক করেন নওশাদ। মুখ্যমন্ত্রীর কাছে বিধায়ক তহবিলের টাকা খরচ করতে না দেওয়ার অভিযোগ জানিয়েছেন আইএসএফ বিধায়ক, এমনই জানিয়েছেন তিনি।এ প্রসঙ্গে সিপিএম নেতা সুজন চক্রবর্তী বলেন, "এসবের মধ্যে আলোচনা করার খুব সুযোগ থাকে না। এটা খুবই চিন্তার বিষয় যে, বিধায়ক তহবিলের কাজ , সেই কাজের টাকা খরচের বিষয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলতে হবে ২৫ মিনিট ? মুখ্যমন্ত্রীর কাজ কি এতই কম পড়ে গেছে ? যে, মুখ্যমন্ত্রী একটা বিধায়ক তহবিলের কাজ ...সেই কারণে উনি কোনওদিন সময় পান না কারো সঙ্গে কথা বলার...এমনকী প্রয়োজনীয় ক্ষেত্রেও, সেটার জন্য হঠাৎ করে ডেকে নিলেন এবং উনিও চলে গেলেন এবং ২৫ মিনিট কথা হল এবং ঠিক আজ নির্দিষ্ট দিনেই। ধন্দটা স্বাভাবিক। বিশেষ করে তৃণমূল রাজত্বে এই ধন্দ।"সূত্রের খবর, ISF বিধায়ককে প্রয়োজনীয় পদক্ষেপের আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর বেরিয়ে নওশাদ বলেন, "আড়াই বছর ভাঙড় পঞ্চায়েত সমিতি-১, ভাঙড় পঞ্চায়েত

এরপর ৬ পাতায়

## সম্পাদকীয়

# হাইকোর্টে তীব্র ভর্ৎসনার মুখে সরকারি আইনজীবী

কলকাতা হাইকোর্টে চরম ভর্ৎসনার মুখে পড়লেন এক সরকারি আইনজীবী। তাঁর আচরণে ক্ষুব্ধ হয়ে ভরা এজলাসে দেওয়া হল গ্রেপ্তারির হুঁশিয়ারি। আজ অর্থ্যাৎ সোমবার একটি মামলায়, বসিরহাট আদালতের অ্যাসিস্ট্যান্ট পাবলিক প্রসিকিউটরকে তলব করেছিল কলকাতা হাইকোর্ট।বসিরহাট আদালতে এক বিচারককে হেনস্থার অভিযোগকে কেন্দ্র করেই এই মামলার সূত্রপাত হয়। অভিযোগ ওঠে অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজকে হেনস্থা করা হয়েছে। এই ঘটনার প্রেক্ষিতে কলকাতা হাইকোর্টে অভিযোগ জানান ওই বিচারক। বিচারপতি দেবাংশু বসাকের ডিভিশন বেঞ্চে সেই মামলার শুনানি হয়। ওই ঘটনার ভিডিয়োগ্রাফি দেখে এক সরকারি আইনজীবী সহ ২১ জন আইনজীবীর বিরুদ্ধে ফৌজদারি ধারায় আদালত অবমাননার রুল জারি করার সিদ্ধান্ত নিয়েছে হাইকোর্ট। জানা যাচ্ছে আগামী ১৭ মার্চ এই মামলার পরবর্তী শুনানি রয়েছে।এদিন তিনি আদালতে হাজিরা দিতেই তাঁকে তীব্র ভর্ৎসনা করেন কলকাতা হাইকোর্টের বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মহম্মদ শব্বর রশিদির ডিভিশন বেঞ্চও।

আদালত সূত্রে খবর, এক বিচারককে হেনস্থার অভিযোগে একটি মামলা করা হয়েছিল ওই আইনজীবীর বিরুদ্ধে। অভিযোগ, আদালতের নির্দেশ থাকার পরেও ওই সরকারি আইনজীবী (অ্যাসিস্ট্যান্ট পাবলিক প্রসিকিউটর) একটি পকসো মামলায় নিম্ন আদালতে সওয়াল পর্বে উপস্থিত ছিলেন না। ওই মামলাতেই অভিযুক্ত সরকারি আইনজীবী কেন মামলায় হাজির থাকেননি, তা নিয়েই এদিন তাঁকে তীব্র ভর্ৎসনার মুখে পড়তে হল। পকসো মামলায় ইতিমধ্যেই জামিন পেয়ে গিয়েছে অভিযুক্ত। এ কথা জানা মাত্রই মেজাজ হারান বিচারপতি। ক্ষুব্ধ হয়ে এদিন তিনি প্রশ্ন করেন, 'সংবিধানের ধারা কি শুধু দোষীদের রক্ষাকবচ দিতে? নির্যাতিতার কী হবে তাহলে?'

গৌতম বন্দ্যোপাধ্যায় নামে ওই সরকারি আইনজীবীর আচরণে ক্ষুব্ধ হয়ে রীতিমতো ভর্ৎসনা করে বিচারপতি এদিন বললেন, 'শেরিফ কে কি ডেকে পাঠাব? গ্রেফতার করতে বলব?' এদিন অন্য একটি মামলার কথা উল্লেখ করে বিচারপতি জানান, সেখানেও নাকি আইনজীবীর অনুপস্থিতির সুযোগে একইভাবে ছাড় পেয়ে গিয়েছিল অভিযুক্ত। জাস্টিস বসাক এদিন সমস্ত তথ্য খতিয়ে দেখেন গত বছরের ২৮ নভেম্বরের পর ওই আইনজীবী নাকি আর আদালতে যাননি।

হাইকোর্টে বিচারপতি দেবাংশু বসাক এদিন স্পষ্ট জানান, 'ওঁকে এপিপি হিসেবে রাখা যাবে না। এভাবে চলতে দেওয়া যায় না। বসিরহাট আদালত চত্বরে প্রায় কয়েক একর জমি আছে। সেখানে আলাদা আদালত করার কথা ভাবা হচ্ছে। অথচ এমন এপিপি কোর্টে ঘুড়ে বেড়াচ্ছেন।' প্রশ্ন উঠছে একজন আইনজীবী যিনি ৩০ বছর ধরে প্র্যাকটিস করছেন তিনি এমন কাজ কীভাবে করলেন? বর্ষীয়ান আইনজীবী জয়ন্ত মিত্র এদিন বলেছেন, 'সরকারি আইনজীবীকে মাফ করে দিন।' আজ আদালতে এই মামলায় বিচারপতি বসাকের পর্যবেক্ষণ ছিল, 'নির্যাতিত শিশু উপযুক্ত বিচারপ্রক্রিয়া থেকে বঞ্চিত হয়েছে। আমাদেরও কোথাও উত্তর দিতে হয়।'

## টেন্ডার


**TENDER NOTICE**

Tender is invited though offline Bid System vide **NIT No. 22/Rampara-I GP/2024-25**, With **Vide Memo No. -103/Ram-I/15th CFC (Tied)/2024-25 Dated:- 10-03-2025** by the Prodhan Rampara-I Gram Panchayat. Last Date of Application : **19-03-2025 up to 2.00 P.M.** Interested contractors please visit **Prodhan of Rampara-I Gram panchayat**

Sd/-, Prodhan
Rampara-I Gram Panchayet
Rampara, Murshidabad


# মায়ের আশীর্বাদ অসীম



মৃত্যুঞ্জয় সরদার
(উনিশতম পর্ব)



বীরভূমের এড়োল গ্রামের রামজীবন রায়চৌধুরী। সেটি হল তারাপীঠের মন্দিরের দ্বিতীয় নির্মাণ। সেটা ছিল আনুমানিক ১৭৪৩ খ্রিস্টাব্দ। রামজীবন ছিলেন তারাপীঠের এলাকা ওই পুরো এলাকার পত্তনিদার। তারাপীঠের মন্দিরের ভগ্নদশা দেখে ভক্ত রামজীবনের মন খারাপ হয়ে যায়। কিন্তু মন্দির সংস্কারের মতো অর্থ তাঁর ছিল না। তাই প্রজাদের কাছ থেকে তোলা খাজনার টাকায় তিনি আবার নতুন করে মন্দির গড়ে দিলেন। এর ফলে তিনি খাজনার টাকা তৎকালীন বাংলার নবাব আলিবর্দি খাঁকে দিতে পারলেন না। এর বিচার

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

# দলবদলের ফলে বড়ো বিপাকে পরলেন গেরুয়া শিবির

সংকট মোকাবিলায় তাদের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠছে। বিশেষ করে, আগামী বিধানসভা নির্বাচনের আগেই দলের বিধায়ক সংখ্যা কমে যাওয়ায় গেরুয়া শিবিরে উদ্বেগ বেড়েছে।৮ বিধায়ক নিয়ে অনিশ্চয়তা

বিজেপি সূত্রে জানা গেছে, বর্তমানে ৮ জন বিধায়ককে নিয়ে গেরুয়া শিবিরে শঙ্কা রয়েছে। তাদের দলবদলের সম্ভাবনা নিয়ে আলোচনা চলছে। এই বিধায়করা যদি তৃণমূল কংগ্রেসে যোগ দেন, তাহলে বিজেপির অবস্থা আরও শোচনীয় হবে।তাপসী মণ্ডলের দলবদল সোমবার তাপসী মণ্ডলের দলবদল বিজেপিতে নতুন করে সংকট তৈরি করেছে। তিনি সকালে বিধানসভায় উপস্থিত হয়ে দলীয় সতীর্থদের সঙ্গে কথা বললেও পরে নিঃশব্দে তৃণমূল কংগ্রেসে যোগ দেন। এই ঘটনা বিজেপির জন্য বড় ধাক্কা হিসেবে দেখা দিয়েছে। সভাপতি নির্বাচন ও ভবিষ্যৎ চলতি বছর রাজ্য বিজেপির সভাপতি নির্বাচন হওয়ার কথা রয়েছে। তবে এই সংকটের মধ্যে নতুন সভাপতির উপরও চাপ থাকবে। আগামী বিধানসভা নির্বাচনের আগে দলকে সংগঠিত করা এবং বিধায়কদের দলবদল রোধ করা নতুন নেতৃত্বের জন্য বড় চ্যালেঞ্জ হবে।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

আর এসব উত্তর খুঁজে পেতে বহু পত্র-পত্রিকা রাতের মধ্যে পড়ে শেষ করতে হলো।শনিদেব আসলে কে এটা নিয়ে আজ আমার কলমে আপনাদের সামনে তুলে ধরছি। সৌর মণ্ডলে স্থিত পৃথিবী থেকে ৮৯০০০০০০ মাইল দূরে

**ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# প্রেমাবতার শ্রীচৈতন্য মহাপ্রভুর স্মরণে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রসিক গৌরাঙ্গ দাস:বাংলার এক হাজার বছরের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায়- এই সোনার বাংলায় শুধু ফসলই ফলেনি,অজস্র সোনার প্রতিভারও স্ফুরণ ঘটেছে। সেই জ্যোতির্ময় আশ্চর্য্য সব প্রতিভার মধ্যে " নদের নিমাই " শ্রীচৈতন্য মহাপ্রভু হচ্ছেন মধ্যমণি।



এহেন প্রেমের অবতার এই বাংলাদেশের উর্বর মাটিতেই সম্ভব। শ্রীচৈতন্য মহাপ্রভুর মধ্যে মনীষা এবং হৃদয়বৃত্তির এক অপূর্ব সমন্বয় ঘটেছিল। কবি সত্যেন্দ্রনাথ দত্ত যথার্থই বলেছিলেন-

" বাঙালীর হিয়া অমিয় মথিয়া
নিমাই ধরেছে কায়া। "

১৪৮৬ খ্রিস্টাব্দের ১৮ ই ফেব্রুয়ারি নবদ্বীপের মায়াপুর গ্রামে শুভ দোলপূর্ণিমাতে আবির্ভূত হয়েছিলেন " নদের নিমাই " । গৌড়ীয় বৈষ্ণব মতে শ্রীচৈতন্য মহাপ্রভু রাধাকৃষ্ণের মিলিত তনু। আহৈতুকী প্রেমভক্তি আন্দোলনের পরাকাষ্ঠা। ভগবান হয়েও তিনি এই ধরাধামে ভক্তরূপে অবতীর্ণ হয়েছেন। অবতরণের প্রধান কারণ- প্রথমত, তিনি শ্রীরাধার প্রেমের মাধুর্য্য এবং স্বরূপ আস্বাদন করতে চেয়েছিলেন। দ্বিতীয়থ, তিনি শ্রীবৃন্দাবনের লুপ্ততীর্থ উদ্ধার এবং শ্রীকৃষ্ণের পূজার পুনরায় প্রচলন করতে চেয়েছিলেন। তৃতীয়ত, কলিযুগের উপযোগী করে ভগবানের নাম ও প্রেম প্রচার করতে চেয়েছিলেন। কারন কলিযুগের মানুষ এমনিতেই স্বল্পায়ু এবং জীবন যুদ্ধে অতিশয় ব্যস্ত। তাদের পক্ষে জটিল পূজার্চনা বা যাগযজ্ঞের অনুষ্ঠান করা সম্ভব নয়। তাছাড়া ভগবান আত্মারাম হয়েও 'স্বমাধূর্য্য' আস্বাদন করতে চেয়েছিলেন।

শ্রীচৈতন্য মহাপ্রভু কে? যাঁর কৃপালাভের জন্য সারা বিশ্ব পাগল, যাঁর শুধামৃত পানে আপামর জনসাধারণ পরিতৃপ্ত। যাঁকে দর্শন করলে শুদ্ধভক্তির উদয় হয়, যাঁকে স্পর্শ করলে জীবনে শাশ্বত শক্তির সঞ্চার হয়, যাঁর সান্নিধ্যে এলে লজ্জা-ঘৃনা- ভয় দূরীভূত হয়। যিনি ভক্তদের কৃপা করতে সর্বদা উৎসুক, যিনি ইহলোকের আশ্রয়, পরলোকের প্রাণের আশ্বাস, যিনি ভিতচিত্তের সর্বস্ব, যিনি অপূর্ণের পূর্ণ - শূন্যের ষোল আনা, যিনি পরম পিতা, পরম মাতা, যিনি সুখের প্রভাত, আবার দু:খরাত্রির অবসান, যাঁর কণ্ঠস্বরে দিব্য লীলার সুর ঝংকৃত , যিনি সর্বদা দিব্য কৃষ্ণনাম এবং কৃষ্ণপ্রেমে নিমগ্ন তিনিই প্রথম ঘোষণা করলেন ধর্মের নামে হিংসা - অধর্ম। যাঁর অলৌকিক প্রভাবে জগাই মাধাইয়ের মতো শত শত ঘোর মদ্যপও মনুষ্যত্বের মর্যাদা ফিরে পেয়েছে। অহিংসা সাম্যবাদী আন্দোলনই যে সমস্যা সমাধানের রাস্তা এই সত্য ধর্মীয় অত্যাচারের বিরুদ্ধে প্রথম দেখা গেল। শত সহস্র মানুষ তার প্রদর্শিত পথ অনুসরণ করে ত্যাগ, প্রেম ও অহিংসার আদর্শে অনুপ্রাণিত হল।

রবীন্দ্রনাথ ঠাকুর বাঙালীর অপূর্ণতায় ব্যাথিত হয়ে বলেছেন- 'আমাদের মধ্যে হইতেই তো চৈতন্য জন্মিয়াছিলেন। তিনি বিস্মৃত মানব প্রেমের বঙ্গভূমিকে জ্যোতির্ময়ী করিয়া তুলিয়াছিলেন।'

স্বামী বিবেকানন্দ বলেছেন- 'যেখানে একবিন্দু যথার্থ ভক্তি দৃষ্টিগোচর হইবে সেখানেই বুঝিতে হইবে যে উহা নদিয়া কেশরী শ্রীগৌরাঙ্গের প্রেম প্রণয়ের মাহাত্ম্য কণিকা।

চিত্তরঞ্জন দাস বলেছেন-'আমার জীবনে পরিবর্তন এনেছেন গৌরাঙ্গদেব। শ্রীগৌরাঙ্গের আত্মহারা প্রেমমূর্তি আমার সব কুসংস্কার, সব দোষ দূর করে দিয়েছে ও দিচ্ছে।

কবি নজরুল ইসলামের কবিতার কিছু অংশ-

'বনচোরা ঠাকুর এল রসের নদীয়ায়
তোরা দেখবি যদি আয়।'

শ্রীচৈতন্য মহাপ্রভুর প্রেমভক্তি আন্দোলন এবং ব্যক্তিত্বের চুম্বক আকর্ষনের দ্বারা সকলে প্রভাবিত হয়েছিল। যেমন তৎকালীন বাংলার শাসন কর্তা সুলতান হোসেন শাহের দুই মন্ত্রী- সাকর মল্লিক (প্রধানমন্ত্রী) এবং দবীর খান (অর্থমন্ত্রী) পরবর্তীকালে সনাতন এবং রূপ গোস্বামী। প্রবোধানন্দ সরস্বতী, বল্লভাচার্য, গোপাল ভট্ট এবং পুরীর রাজা প্রতাপরুদ্র। এমনকি তৎকালীন ভারত সম্রাট আকবরও তার উদ্দেশ্যে শ্রদ্ধাঞ্জলী নিবেদন করে বলেছেন- 'ঐছন পহুঁকো যাই বলিহারি।

শাহ আকবর তেরে প্রেম ভিখারী।'

শ্রীচৈতন্য মহাপ্রভু প্রবর্তিত প্রেমের ফল স্বরূপ মানুষ ফিরে পেল মনুষ্যত্বের মর্যাদা, পেল মুক্তির স্বাদ, শুচি হল মুচি, যবন হল নামাচার্য্য, উঁচু - নীচু বিভেদভাব, বৃথা অভিলাষ,হিংসা - দ্বেষ হল দূরীভূত। বিশ্ব শান্তি ও বিশ্ব কল্যাণে আজও শ্রীচৈতন্য মহাপ্রভুর অবদান চিরভাস্বর।

শুভ আবির্ভাব দিবসে প্রার্থনা জানাই তিনি যেন আমাদের চৈতন্য চেতনার উদ্বুদ্ধ করেন।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



(৩ পাতার পর)

# খাদ্য সুরক্ষা ও উদ্ভাবনকে এগিয়ে নিয়ে যেতে আহার-২০২৫-এর গুরুত্বপূর্ণ ফলাফল

প্রক্রিয়াকরণকে ঘিরে উদ্ভাবন, তার মোড়ক, নিরাপত্তা, নিয়ন্ত্রক পরিকাঠামো প্রভৃতি বিষয়ে বিশেষজ্ঞরা মত বিনিময় করেন। খাদ্য সুরক্ষা, গুণগতমান সুনিশ্চিত করা নিয়ে বিশেষ পর্বের আলোচনায় যোগ দেন খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রকের সচিব ডঃ সুব্রত গুপ্ত। তিনি বলেন, রাসায়নিক দূষণের বিপদ এবং শরীরের ওপর তার ক্ষতিকারক প্রভাব নিয়ে কৃষকদের মধ্যে সচেতনতা গড়ে তোলা জরুরি। তিনি আরও বলেন, কৃষি ক্ষেত্রে রাসায়নিকের দায়িত্বপূর্ণ ও সুস্থায়ী ব্যবহারে কৃষকদের শিক্ষিত করে তোলা দরকার। কারণ, এর সাথে খাদ্য নিরাপত্তার প্রশ্ন জড়িত, আমাদের শরীরকে যা সরাসরি প্রভাবিত করে। এই লক্ষ্যে খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রক উন্নত আধুনিক প্রযুক্তির দ্রুততার সঙ্গে ব্যবহার বাড়াচ্ছে।

FSSAI, কোডেক্স এবং প্রথম সারির খাদ্য সংস্থাগুলির বিশেষজ্ঞরা বিভিন্ন পর্বে আলোচনায় যোগ দেন। তাঁরা খাদ্যের গুণগতমান দ্রুত পরীক্ষার স্বার্থে সহায়ক সরঞ্জামের ব্যবহার বাড়ানোর কথা বলেন। সেই সঙ্গে আন্তর্জাতিক ক্ষেত্র এবং দেশের অভ্যন্তরে খাদ্য সুরক্ষা সংক্রান্ত নিয়মাবলীর যে ফাঁক রয়েছে, তা দূর করতে বলেন।

আইআইটি গুয়াহাটি, FSSAI, কোকা-কোলা ইন্ডিয়া প্রভৃতি সংস্থা থেকে প্রতিনিধিরা সম্মেলনে উপস্থিত ছিলেন। আহার-২০২৫-এর কার্যকলাপকে এগিয়ে নিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রক এবং এনআইএফটিইএম-কে যৌথ ভাবে উদ্ভাবন প্রসার, খাদ্যের মৌলিক উপাদান সুনিশ্চিত করা, সেই সঙ্গে নিরাপদ এবং সুস্থায়ী খাদ্য ব্যবস্থায় ভারতকে বিশ্ব নেতৃত্বের আসনে শক্তিশালী জায়গা করতে তাঁদের দায়বদ্ধতার কথা জানিয়েছেন।

# চিঠি লিখে ট্রাম্পের কাছে ক্ষমা চাইলেন জেলেনস্কি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

হোয়াইট হাউসে তর্কাতর্কির ঘটনায় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে আনুষ্ঠানিকভাবে ক্ষমা চেয়েছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। ক্ষমা চেয়ে জেলেনস্কির চিঠি লেখার বিষয়টি নিশ্চিত করেছেন ট্রাম্পের বিশেষ দূত স্টিভ উইটকফ।

মার্কিন সংবাদমাধ্যম 'ফক্স নিউজ'কে উইটকফ জানান ট্রাম্পের কাছে ক্ষমা চেয়ে চিঠি পাঠিয়েছেন জেলেনস্কি। উইটকফ বলেন, প্রেসিডেন্ট ট্রাম্পকে জেলেনস্কি চিঠি পাঠিয়েছেন। ওভাল অফিসের গোটা ঘটনার জন্য তিনি ক্ষমা চেয়েছেন। আমার মনে হয় এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমাদের প্রতিনিধি দল, ইউক্রেইন এবং ইউরোপীয়দের মধ্যে অনেকগুলি বিষয় নিয়ে আলোচনা হয়েছে।

দ্য ওয়াশিংটন পোস্টের প্রতিবেদনে বলা হয়েছে ট্রাম্পও গত মঙ্গলবার কংগ্রেসে ইউনিয়ন অব দ্য নেশনসের ভাষণের সময় জেলেনস্কির চিঠি পাওয়ার কথা বলেছিলেন। তবে তাতে ক্ষমা চাওয়ার কোনও কথা ছিল কিনা তা জানাননি তিনি।

বিশেষ মার্কিন দূত উইটকফ ক্ষমা ও চিঠির কথা বললেও জেলেনস্কি আসলে তাতে কি লিখেছেন, সে বিষয়ে পরিষ্কার কোনো তথ্য দেননি।

(২ পাতার পর)

# পশ্চিমবঙ্গে বিজেপি ক্ষমতায় এলে তৃণমূলের মুসলিম বিধায়কদের রাস্তায় ফেলে দেওয়ার হুঁশিয়ারি শুভেন্দুর

দলনেতার অভিযোগ, "বিধানসভার ভেতরে যা হচ্ছে তা শুধু বেপরোয়া নয়, অসাংবিধানিক। এরা বাংলার হিন্দু জনগণকে উপড়ে ফেলতে চাইছে। এই ঔদ্ধত্য দিল্লিতে কেজরিওয়াল করেছিল বলে ওখানকার মানুষ আপকে উপড়ে ফেলেছে। আগামী বছর বাংলাতেও তাই হবে।ধর্মীয় স্থান রক্ষা করার জন্য সংবিধানে উল্লেখ করা হলেও বাংলায় তা লঙ্ঘিত হচ্ছে। এই অভিযোগে এদিন বিধানসভায় মুলতুবি প্রস্তাব আনেন বিজেপি বিধায়করা। প্রতিবাদ জানান শাসকদলের বিধায়করা। অধ্যক্ষ বিজেপির প্রস্তাব খারিজ করে দেন। এরপরই শুরু হয় বিক্ষোভ।পদ্ম শিবিরের বিধায়করা দাবি করেন, বিষয়টি বিধানসভার রেকর্ডে অন্তর্ভুক্ত করতে হবে। তাতে রাজি হননি স্পিকার। এরপরই ওয়ালে নেমে কাগজ ছিঁড়ে বিধানসভা কক্ষ ত্যাগ করেন বিজেপি বিধায়করা।পরে এ বিষয়ে সাংবাদিক বৈঠক থেকে বিরোধী দলনেতা বলেন, "এই সরকার ধর্মের নামে সঙ্কীর্ণ রাজনীতি করছে। বিধানসভায় বিরোধীদের কণ্ঠরোধ করা হচ্ছে।" স্পিকারের একটা চোখ বন্ধ বলেও কটাক্ষ করেন বিরোধী দলনেতা।শুভেন্দুর অভিযোগ, গত চার পাঁচদিন ধরে বারুইপুর, তমলুকের শ্রীরামপুর এবং বসিরহাটে একাধিক হিন্দু মন্দির ভাঙা হয়েছে, মূর্তি ভাঙা হয়েছে। পুলিশ একজনকেও গ্রেফতার করেনি। এমনকী মুর্শিদাবাদে হিন্দু জনতার বাড়িতেও হামলার ঘটনা ঘটেছে।

বিরোধী দলনেতা বলেন, সংবিধানে ধর্মীয় স্থান রক্ষা করার কথা বলা হয়েছে। অথচ বাংলায় তা লঙ্ঘিত হচ্ছে। এ নিয়ে আমরা বিধানসভায় মুলতুবি প্রস্তাব আনতে চেয়েছিলাম। ওরা গায়ের জোরে তা খারিজ করেছে।" এরপরই তৃণমূলের জিতে আসা মুসলিম বিধায়কদের চ্যাংদোলা করে বিধানসভার বাইরে ফেলে দেওয়ার হুঁশিয়ারি দেন শুভেন্দু।

(৩ পাতার পর)

# 'কবে তৃণমূলে যোগ দিচ্ছেন ?' উত্তরে যা বললেন নওশাদ

সমিতি-২ আমার কাজকে নিয়ে শুধু টাইম কিল করেছে। জেলা থেকে একটা অর্ডার করেছে, যেখানে

এডিএম(ডেভেলপমেন্ট)-এর সই আছে। তারা আমার কাজটা আবার সেই পুনরায় পঞ্চায়েত সমিতির হাতেই তুলে দিয়েছে। যে পঞ্চায়েত সমিতি আমার আড়াই বছর সময় নষ্ট করেছে। আবার তাকে দিয়েছে। আমার সঙ্গে কোনওরকম আলোচনা, জিজ্ঞাসাবাদ না করেই। যত সময় ইউসি দেওয়া হয় না। আমার কাজের গুণগত মান খারাপ হয়েছে। ওখানে নেমপ্লেট আসেনি যে, আমার ওটা বিধায়ক তহবিলের কাজ...। সর্বোচ্চ জায়গায় এসেছি। এরপরেও যদি না আমার কাজ ঠিকঠাক করা হয়, তাহলে আর কিছু বলার নেই। তাহলে আমি বলে যাচ্ছি, আমার বাড়ি থেকে টাকা নিয়ে এসে ...৩ কোটি টাকা খরচ করার ক্ষমতা আমার আছে, সেই টাকা খরচ করব। ওদের কে নিয়ন্ত্রণ করছে সেই বিতর্কে আমি যেতে চাই না। আমার চাই কাজ। বেশিক্ষণ কথা হয়নি। যেহেতু আমায় সময় দিয়েছিল সাড়ে ৫টার দিকে। আমি আগেই চলে এসেছি। আমার যে বিষয়গুলো ছিল, সেগুলো উত্থাপন করেছি।"

এরপরই সাংবাদিকের তরফে তাঁকে প্রশ্ন করা হয়, আপনি কবে তৃণমূলে যোগ দিচ্ছেন ? এর উত্তরে নওশাদ বলেন, "কবে তৃণমূলে যোগ দিচ্ছি ? আমার নিজের একটা পার্টি আছে। পার্টির আমি একটা চেয়ারম্যান। ৪২ দিন জেল খেটে, ১৩ খানা কেস মাথায় নিয়ে ঘুরছি।"

# সিনেমার খবর

# ঐশ্বরিয়ার জন্য বাজেভাবে যে নায়িকাকে ঠকান অভিষেক!



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

অভিষেক কিন্তু ঠকাচ্ছেন, সাবধান করেছিলেন বন্ধু বিপাশা বসু! কিন্তু শুনতে চাননি বলিউডের সুন্দরী নায়িকা। ফলও পেয়েছিলেন হাতেনাতে। ঐশ্বরিয়ার প্রেমে পড়ে সেই নায়িকাকে কার্যত ছুড়ে ফেলে দিয়েছিলেন অভিষেক বচ্চন। বলিউডে এই গসিপ নিয়ে আজও হয় চর্চা। কে সেই নায়িকা?

অভিনেত্রীর নাম দীপান্বিতা শর্মা। আসামের স্বাধীনতা সংগ্রামীর পরিবারে জন্ম নেন তিনি। মডেলিং দিয়ে শুরু করেছিলেন ক্যারিয়ার। কিছু দিনের মধ্যেই মেলে অভিনয়ের সুযোগ। আর এই অভিনয়ের সুবাদেই আলাপ হয় অভিষেক বচ্চনের সঙ্গে।

শোনা যায়, দীপান্বিতাকে দেখার পরই নাকি প্রেমে পড়ে যান অভিষেক। তবে পুরো দুনিয়ার সামনে প্রেম স্বীকার করতে রাজি হননি তিনি।

প্রথম দিকে বিষয়টি নিয়ে আপত্তি ছিল না দীপান্বিতার, তবে হঠাৎই তাদের সম্পর্কের মাঝে আগমন ঘটে তৃতীয় ব্যক্তির। সেই ব্যক্তি আর কেউ নন ঐশ্বরিয়া রাই বচ্চন। অভিষেকর জন্মদিনে একবার বড় পার্টির প্ল্যান করেছিলেন দীপান্বিতা। অভিনেতা যাননি। জানিয়েছিলেন, বাবা অমিতাভ নাকি অসুস্থ।

তবে সেই দিনই নিজের বাড়িতে জন্মদিনের পার্টি দিয়েছিলেন এই তারকা নিজেই। আর সেই পার্টিতে হাজির ছিলেন ঐশ্বরিয়া। যেখানে আমন্ত্রিত ছিলেন না দীপান্বিতা।

সম্পর্কের শেষ সুতোটুকুও ছিড়ে যায় যখন গুরুর প্রিমিয়ারে সবার সামনে ঐশ্বরিয়াকে প্রপোজ করে বসেন অভিষেক। বিশ্বসুন্দরীও সাড়া দেন। নিঃশব্দে সরে যান দীপান্বিতা।

পরবর্তীতে এক সাক্ষাৎকারে অভিষেকের সম্পর্কে তার কাছে জানতে চাওয়া হলে অতীত খুঁড়তে চাননি তিনি। শুধু বলেছিলেন,'অভিষেক কখনই আমার বন্ধু ছিল না।'

এই মুহূর্তে সুখে সংসার করছেন দীপান্বিতা। তার স্বামী দিলসার সিং পেশায় ব্যবসায়ী। অন্যদিকে অভিষেকও ঐশ্বরিয়ার গলায় মালা দিয়ে তার সন্তানের বাবা হয়েছেন।

## প্রসেনজিৎকে বিয়ে করতে চেয়েছিলাম: শুভশ্রী



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

টলিউডের জনপ্রিয় অভিনেত্রী শুভশ্রী গঙ্গোপাধ্যায় তার অভিনয় জীবনে ১৮ বছর পূর্ণ করেছেন। এই বিশেষ দিনটি তিনি তার অনুরাগীদের সঙ্গে কাটালেন এবং তাদের প্রতি তার কৃতজ্ঞতা প্রকাশ করেন। এতদিনের অভিনয় জীবনে শুভশ্রী যে সাফল্য অর্জন করেছেন, তা তার জন্য গুরুত্বপূর্ণ হলেও, তিনি সর্বদা ভালো একজন মানুষ হতে চেয়েছেন।

শুভশ্রী গঙ্গোপাধ্যায় বলেন, সিনেমা আমার জীবন নয়, জীবনের একটা অংশ। এই অংশে আমি অনেক কিছু পেয়েছি, সবচেয়ে বেশি পেয়েছি মানুষের ভালোবাসা। 'চ্যালেঞ্জ' বা 'পরাণ যায় জ্বলিয়া রে'র সময় যারা আমাকে দেখেছেন, আজ তারা আমার সন্তানকেও দেখতে পাচ্ছেন। একইভাবে ভালোবাসা দিচ্ছেন আমাকে, আর এটাই আমার সবচেয়ে বড় প্রাপ্তি।

অভিনেত্রী আরো জানান, ছোটবেলায় তার একটি স্বপ্ন ছিল— প্রসেনজিৎ চট্টোপাধ্যায়-কে বিয়ে করার! তিনি বলেন, ছোটবেলায় আমি বলতাম, বড় হলে বুম্বাদার (প্রসেনজিৎ চট্টোপাধ্যায়) সঙ্গে আমার বিয়ে হবে।

অনুরাগীদের কাছে তার আবেগপূর্ণ বক্তব্যে শুভশ্রী বলেন, এদিন যখন আমার অনুরাগীরা চোখে জল নিয়ে আমাকে দেখলেন, আমি নিজেও কিছুটা আবেগপ্রবণ হয়ে পড়েছিলাম। এদিন তিনি তার স্বামী রাজ চক্রবর্তী, দুই ছেলে-মেয়ে এবং অনুরাগীদের সঙ্গে ভবিষ্যতে জীবনের প্রতিটি অধ্যায় ভালোভাবে কাটানোর জন্য প্রার্থনা করেন।

এছাড়া, শুভশ্রী বলেন, তিনি বলিউডের শাহরুখ খান এবং টলিউডের জিৎ-কোয়েল জুটির বড় ভক্ত। তবে তার ছোটবেলার স্বপ্ন ছিল প্রসেনজিৎ চট্টোপাধ্যায়ের সঙ্গে জীবনের নতুন অধ্যায় শুরু করার।

# হৃতিকের সঙ্গে প্রেম বলে কটাক্ষ, কড়া জবাব দিলেন অভিনেত্রী

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউড অভিনেতা হৃতিক রোশনের সঙ্গে প্রেমের সম্পর্কে জড়ানোর পর থেকেই নানা বিতর্কে জড়িয়েছেন অভিনেত্রী সাবা আজ়াদ। সফদর হাশমীর ভাইঝি ও নাট্য পরিবারের সন্তান হয়েও শুধুমাত্র হৃতিকের প্রেমিকা হওয়ার কারণে কাজ হারানোর অভিযোগ উঠেছে তার বিরুদ্ধে।



সম্প্রতি নিজের আসন্ন ওয়েব সিরিজ ‘হু ইজ ইওর গাইন্যাক’-এর দ্বিতীয় সিজ়নের মুক্তির খবর শেয়ার করেছিলেন সাবা। কিন্তু সিরিজ নিয়ে আলোচনা হওয়া তো দূরের কথা, অধিকাংশ নেটাগরিক মন্তব্য করতে থাকেন তার ব্যক্তিগত জীবন নিয়ে।

অনেকে কটাক্ষ করে লেখেন, আমি ভেবেছিলাম সিজ়ন ২ কখনোই আসবে না, কারণ ম্যাডাম তো গ্রিক গডের (হৃতিক) অফিশিয়াল গার্লফ্রেন্ড!" এমন মন্তব্যের জবাব দিতে দেরি করেননি সাবা। পাল্টা কড়া ভাষায় লেখেন, "আপনার জগতে বোধহয় কেউ প্রেমে পড়লেই অক্ষম হয়ে যান, বাড়িওয়ালারা ভাড়া চাওয়া বন্ধ করে দেন এবং নিজের খাবারের প্রয়োজনীয়তাও জাদুবলে উধাও হয়ে যায়!! বাহ!"

সাবার এই জবাব মুহূর্তের মধ্যে ভাইরাল হয়ে যায়। অনেকেই তার সমর্থনে এগিয়ে আসেন এবং মন্তব্য করেন, একজন অভিনেত্রীর কাজের সঙ্গে তার ব্যক্তিগত সম্পর্ককে গুলিয়ে ফেলা অন্যায়।

# রাহানের কাঁধেই নেতৃত্বভার তুলে দিলো শিরোপাধারী কলকাতা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

আইপিএলের গত মেগা নিলামের প্রথম ধাপে অজিঙ্কা রাহানেকে নিয়ে আগ্রহই দেখায়নি কেউ। পরে এক্সেলারেটেড রাউন্ড থেকে অভিজ্ঞ ব্যাটসম্যানকে ভিত্তিমূল্যে পেয়ে যায় কলকাতা নাইট রাইডার্স। সেই রাহানের কাঁধেই এবার নেতৃত্বভার তুলে দিয়েছে শিরোপাধারীরা।

২০২৫ আইপিএলের জন্য রাহানেকে অধিনায়ক করার কথা জানিয়েছে কলকাতা। তার ডেপুটির দায়িত্ব দেওয়া হয়েছে ভেঙ্কটেশ আইয়ারকে। গত আসরে দলটিকে নেতৃত্ব দেওয়া শ্রেয়াস আইয়ারের স্থলাভিষিক্ত হলেন ৩৬ বছর বয়সী রাহানে। আসছে আসরের জন্য শিরোপাজয়ী অধিনায়ক শ্রেয়াসকে ধরে রাখেনি কলকাতা। নিলাম থেকে তাকে দলে নিয়ে অধিনায়ক করেছে পাঞ্জাব কিংস।

গত নভেম্বরে দুই দিনব্যাপী হওয়া নিলামের প্রথম দিন ওঠানো হয় রাহানের নাম। কিন্তু তখন অবিক্রিত থেকে যান তিনি। দ্বিতীয় দিন এক্সেলারেটেড রাউন্ডে নিলাম শেষের আগ মুহূর্তে আরও একবার ওঠে তার



নাম। এবার বিড করে কলকাতা। কেউ আগ্রহ না দেখানোয় দেড় কোটি রুপিতেই রাহানেকে পেয়ে যায় তারা।

আগের দুই আসরে চেন্নাই সুপার কিংসের হয়ে মোট ১৭ ম্যাচ খেলা রাহানে নিলামের পর ঘরোয়া ক্রিকেটে নিজেকে মেলে ধরেন। টি-টোয়েন্টি টুর্নামেন্ট সৈয়দ মুশতাক আলি ট্রফিতে মুম্বাইয়ের হয়ে আলো ছড়ান তিনি। দলের শিরোপা জয়ে রাখেন বড় অবদান। আসরে ৮ ইনিংসে পাঁচ ফিফটিতে সর্বোচ্চ ৪৬৯ রান করেন রাহানে। তার ব্যাটিং গড় ছিল ৫৮.৬২ ও স্ট্রাইক রেট ১৬৪.৫৬। টুর্নামেন্ট সেরা খেলোয়াড়ের পুরস্কার ওঠে তারই হাতে।

কলকাতায় এর আগে ২০২২ সালে খেলেন রাহানে। সেবার ৭ ম্যাচে ১০৩.৯০ স্ট্রাইক রেটে করেন ১৩৩ রান। বাজে সময় কাটানো রাহানেকে পরে ছেড়ে দেয় কলকাতা। সব মিলিয়ে আইপিএলে ৬ ফ্র্যাঞ্চাইজির হয়ে মোট ১৮৫ ম্যাচ খেলেন তিনি। ৩০.১৪ গড় ও ১২৩.৪২ স্ট্রাইক রেটে করেন ৪ হাজার ৬৪২ রান। নামের পাশে দুইটি সেঞ্চুরি সঙ্গে ফিফটি ৩০টি।

আইপিএলে নেতৃত্ব দেওয়ার অভিজ্ঞতা আছে রাহানের। ২০১৭ সালে রাইজিং পুনে সুপার জায়ান্টসের হয়ে একটি ম্যাচে অধিনায়কত্ব করেন তিনি। ২০১৮ ও ২০১৯ আসরে রাজস্থান রয়্যালকে নেতৃত্ব দেন ২৪ ম্যাচে।

মেগা নিলামের আগে ভেঙ্কাটেশকে ছেড়ে দেয় কলকাতা। পরে নিলামে ২৩ কোটি ৭৫ লাখ রুপিতে তাকে দলে ফেরায় তারা। আইপিএলে ইতিহাসে নিলাম থেকে নেওয়া চতুর্থ দামি খেলোয়াড় তিনি। ২০২১ সালে আইপিএল অভিষেক হওয়ার পর থেকে কলকাতার হয়েই খেলছেন ভেঙ্কাটেশ। এখন পর্যন্ত ৫১ ম্যাচে ১ হাজার ৩২৬ রান করেছেন তিনি ৩১.৫৭ গড় ও ১৩৭.১২ স্ট্রাইক রেটে। এক সেঞ্চুরির সঙ্গে ফিফটি করেছেন ১১টি।

আগামী ২২ মার্চ পর্দা উঠবে আইপিএলের। আসরের ম্যাচে ইডেন গার্ডেন্সে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর মুখোমুখি হবে কলকাতা।

## ব্রাজিল-উরুগুয়ের জন্য আর্জেন্টিনার শক্তিশালী স্কোয়াড ঘোষণা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

চলতি মাসেই ২০২৬ ফুটবল বিশ্বকাপের বাছাইপর্বের ম্যাচে ব্রাজিল ও উরুগুয়ের বিপক্ষে মাঠে নামছেন লিওনেল মেসি ও হুলিয়ান আলভারেজরা।

গুরুত্বপূর্ণ দুই ম্যাচকে সামনে রেখে সোমবার ৩৩ জনের প্রাথমিক স্কোয়াড ঘোষণা করেছেন কোচ লিওনেল স্কালোনি।

আগামী ২২ মার্চ উরুগুয়ের মাঠে তাদের বিপক্ষে খেলতে নামবে আর্জেন্টিনা। আর ২৬ মার্চ ঘরের মাঠে আতিথ্য দেবে চিরপ্রতিদ্বন্দ্বী ব্রাজিলকে।

স্কোয়াডে বড় কোনো চমক রাখেননি স্কালোনি। ইনজুরির কারণে লিসান্দ্রো মার্টিনেজ না থাকলেও পুরো শক্তির স্কোয়াডই সাজিয়েছেন স্কালোনি। দলে ডাক পেয়েছেন একাধিক তরুণ মুখ। ইতালিয়ান ক্লাব কোমো ১৯০৭ থেকে এসেছেন ম্যাক্সিম পেরোনে এবং নিকোলাস পাজ। বায়ার লেভারকুসেনের ইজিকুয়েল পালাসিওস, ম্যানচেস্টার সিটির ক্লদিও এচেভেরি, বোলোনিয়ার সান্তিয়াগো কাস্ট্রোদের ৩৩ জনের স্কোয়াডে রেখেছেন স্কালোনি।

অভিজ্ঞদের মধ্যে সকলেই আছেন স্কোয়াডে। লিওনেল মেসি, এমিলিয়ানো মার্তিনেজ, রদ্রিগো ডি পল, লাউতারো মার্তিনেজ, হুলিয়ান আলভারেজদের সকলেই আছেন স্কোয়াডে। যদিও এই স্কোয়াডের সবাইকে নিয়েই মাঠে হাজির হওয়ার সম্ভাবনা নেই। মূল স্কোয়াড হতে হবে ২৩ জনের। প্রাথমিক স্কোয়াড থেকে ঠিক কাদের বাদ দেয়া হবে সেটাই দেখার বিষয়।

আর্জেন্টিনার প্রাথমিক স্কোয়াড

গোলরক্ষক: এমিলিয়ানো মার্তিনেজ, জেরোনিমো রুলি, ওয়াল্টার বেনিতেজ

ডিফেন্ডার: নাহুয়েল মোলিনা, গঞ্জালো মন্টিয়েল, ক্রিস্টিয়ান রোমেরো, জার্মান পেজ্জেলা, লেওনার্দো বালেরদি, হুয়ান ফয়েথ, নিকোলাস ওতামেন্দি, ফাকুন্দো মেদিনা, নিকোলাস তাগলিয়াফিকো, ফ্রান্সিসকো ওর্তেগা।

মিডফিল্ডার: লিয়ান্দ্রো পারেদেস, এনজো ফার্নান্দেজ, রদ্রিগো দি পল, এজিকিয়েল পালাসিওস, আলেক্সিস ম্যাক অ্যালিস্টার, জিওভানি লো সেলসো, ম্যাক্সিমো পেরোনে, হুলিয়ানো সিমিওনে, বেঞ্জামিন ডোমিঙ্গেজ, থিয়াগো আলমাদা।

ফরোয়ার্ড: লিওনেল মেসি, আলেহান্দ্রো গারনাচো, নিকোলাস গনজালেজ, নিকোলাস পাজ, ক্লাদিও এচেভেরি, পাওলো দিবালা, জুলিয়ান আলভারেজ, লাউতারো মার্টিনেজ, সান্তিয়াগো কাস্ত্রো, অ্যাঞ্জেল কোরেয়া।

## ভারতকে বাড়তি সুবিধা! আইসিসিকে ধুয়ে দিলেন ভিভ রিচার্ডস

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

চলমান চ্যাম্পিয়ন্স ট্রফি অনুষ্ঠিত হচ্ছে হাইব্রিড মডেলে। যেখানে ভারত ছাড়া সবাইকে খেলতে হচ্ছে দুই দেশে। যে কারণে ভারত ছাড়া সবাইকে দুই দেশে ভ্রমণ করতে হচ্ছে। অন্যদিকে এক ভেন্যুতে খেলার মতো বাড়তি সুবিধা পাচ্ছে রোহিত শর্মার দল।

হাইব্রিড মডেলে ভারতের বাড়তি সুবিধা পাওয়ার বিষয়টি নিয়ে ইতোমধ্যেই আইসিসির সমালোচনা করেছেন একাধিক ক্রিকেটার। এমনকি সাবেক ক্রিকেটার ও ক্রিকেট সংশ্লিষ্ট অনেকেই এ নিয়ে কথা বলেছেন। এসব বিতর্কের মাঝেই এবার এ প্রসঙ্গে কথা বলেছেন ভিভ রিচার্ডস।

ওয়েস্ট ইন্ডিজের সাবেক এই কিংবদন্তির মতে, এসব সমস্যার দায় আইসিসির নিতে হবে। কারণ পুরো আসর আয়োজনের পরিকল্পনা তাদেরই। তদারকির দায়িত্বও তাই ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থার ওপর। কিন্তু এ দায়িত্ব পালনে তাদের নিরপেক্ষতা নিয়ে এবার প্রশ্ন তুললেন ভিভ রিচার্ডস।

তিনি বলেন, 'মানুষ যখন এটা (ভারত




বাড়তি সুবিধা পাচ্ছে) বলে, তখন তাদের একটা যুক্তি থাকতে পারে। আমার মনে হয় এটা (এমন সূচি) রাজনীতির কারণে হয়েছে-আমি রাজনৈতিক দিকে ঢুকতে চাই না। তবে আমি বিশ্বাস করি, ক্রিকেট পরিচালনার জন্য যারা দায়িত্বপ্রাপ্ত, সেটা হলো আইসিসি, তারাই সমস্যা করছে বলে আমার মনে হয়।'

'আমি চাই তারা এর একটি উত্তর নিয়ে সামনে আসুক। কেন? তারা যদি ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা হয়, তাহলে এখন কেন এমনটা হচ্ছে? সত্যি কথা বলতে আমি এটা বিশ্বাস করি, এমন একটি জিনিস যা আমাদের সবাইকে একত্রিত করতে পারে, ভক্ত এমনকি শত্রুদেরও, সেটা হলো খেলাধুলা।'- যোগ করেন তিনি।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR